উপজেলা পরিষদ

মোহনগঞ্জ,নেত্রকোণা।

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ২৯.০৯.২০২১ খ্রিঃ, বেলা- ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট ''ক'' |

সভাপতি উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত ৩১.০৮.২০২১ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় । বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(১) ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দকৃত অর্থের প্রকল্প গ্রহণ ঃ-**

ক) উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে ১ম কিস্তিতে ২৪.৬৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে । প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দের সমপরিমান সম্ভাব্য অর্থ পরবর্তী আরো ৩ কিস্তি বরাদ্দ ধরে মোট ৪ কিস্তিতে (২৪.৬৯ X ৪)= ৯৮.৭৬ লক্ষ(আঠানব্বই লক্ষ ছিয়াত্তর হাজার) টাকার প্রকল্প গ্রহণের নিমিত্তে নীতিমালা অনুযায়ী জরুরী ভিত্তিতে খাতওয়ারী উন্নয়ন প্রকল্পের প্রস্তাব দাখিলের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যনদ্বয় ও ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে বিগত সভায় অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে উন্নয়ন প্রকল্প না পাওয়ায় প্রকল্প বাছাই কমিটি সভা করা সম্ভব হয়নি । এ বিষয়ে সভায় সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ** ক) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) বরাদ্দ মোতাবেক প্রকল্প দাখিল করার জন্য চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। প্রকল্প প্রাপ্তির সাথে সাথে প্রকল্প বাছাই কমিটির সভার মাধ্যমে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প চূড়ান্ত করে প্রাক্কলনসহ প্রকল্পের তালিকা উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

**খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের নির্ধারিত স্থানে ইউটিডিসি ভবনের অফিসসমূহ স্থানান্তরঃ-**

উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থানে অবস্থিত পুরাতন ইউটিডিসি ভবনে কয়েকটি সরকারি অফিসের কার্যক্রম চলমান আছে । বর্তমানে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্বার্থে পুরাতন ইউটিডিসি ভবনটি নিলামে বিক্রয়ের মাধ্যমে অপসারণ করা জরুরী প্রয়োজন। তাই পুরাতন ইউটিডিসি ভবনের অফিস সমূহের কার্যক্রম চালু রাখার স্বার্থে উপজেলা পরিষদ কমপ্লেক্সের একটি আবাসিক ভবন মেরামত করা ও পুরাতন কোর্ট ভবনটি জরুরী ভিত্তিতে মেরামত করে অফিস স্থানান্তর করা যেতে পারে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

খ) ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিষদের মেরামত খাতের অর্থে উপজেলা পরিষদের আবাসিক ভবন ও বিভিন্ন অফিস মেরামত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয় এবং পুরাতন কোর্ট ভবন মেরামত করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নেত্রকোণাকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ,নেত্রকোণা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছারের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) বরাদ্দ (চাল, গম ও টাকা) পাওয়া গেছে। বিগত ২/৩ অর্থ বছরে স্থাপিত সোলারের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। সোলারের বিভিন্ন সমস্যা সমাধানের বিষয়ে সোলার স্থাপনের অর্থ বৎসরসহ তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সুবিধাজনক স্থানে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষনার্থীদের শিক্ষাগত যোগ্যতা ন্যনতম ৫ম শ্রেণি পাশ। প্রশিক্ষনার্থী প্রত্যেককে দৈনিক ১০০ (একশত)টাকা যাতায়াত ভাতা প্রদানের ব্যবস্থা রয়েছে। | | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না । | পরবর্তী সভাসমূহে উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো | উপজেলা সমবায় কর্মকর্তা, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, ০১ অক্টোবর ২০২১ থেকে সকল প্রশিক্ষণ কার্যক্রম চলছে। ভিজিডি, মাতৃত্ব ভাতাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জ সভায় অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ওয়ার্সন কমিটির সভা আহবান বিষয়ে তিনি জানান, জরুরি ভিত্তিতে সভা আহবান করা হবে । জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ সভায় জানান যে, তাদের স্ব স্ব ইউনিয়নে স্থাপনকৃত নলকূপের মধ্যে কিছু কিছু নলকূপ স্থাপনের ব্যাপারে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে ইতো পূর্বেও তার দপ্তরকে অবহিত করা হয়েছে কিন্তু নলকূপ স্থাপনের কাজ ঠিকাদার সঠিকভাবে করছে না মর্মে পরিলক্ষিত হচ্ছে। প্রাক্কলন মোতাবেক কাজের গুনগত মান বজায় রাখাসহ যথাসময়ে কাজ সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জকে পুনঃ অনুরোধ করা হয়। | নলকূপ স্থাপনের কাজ প্রাক্কলন মোতাবেক যথাযথভাবে সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জ |
| ১৬ | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের ভিতরে উপজেলা আনসার ভিডিপির অফিস ভবন নির্মাণে জন্য ১৫ শতাংশ জমি বরাদ্দ প্রদানের জন্য সভায় সকলকে অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | উপজেলা কমপ্লেক্সের ভিতরে ১৫ শতাংশ জমি বরাদ্দ দেয়ার মতো কোন স্থান সংকুলান হবে না বিধায় প্রস্তাবটি গৃহিত হয়নি। কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মোহনগঞ্জ,নেত্রকোণা । |
| ১৭ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ, সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৮ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৯ | দারিদ্র বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ২০ | উপজেলা রিসোর্স সেন্টার | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার,মোহনগঞ্জ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নাই। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য ইনস্ট্রাক্টর , উপজেলা রিসোর্স সেন্টার,মোহনগঞ্জ অনুরোধ জানানো হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার মোহনগঞ্জ, |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯ | বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়নসহ উপজেলার ০৪টি ইউনিয়নের এক বা একাধিক গ্রাম পুলিশ(মহল্লাদার) পদ শূন্য থাকায় সরকারি কাজ বাস্তাবায়নে খুবই সমস্যা হচ্ছে। তিনি জরুরিভিত্তিতে শুন্য পদে গ্রাম পুলিশ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | জরুরিভিত্তিতে শূন্য পদের তালিকা সংগ্রহ করে নিয়োগ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ৩০ | সমাজ-সহিলদেও ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন, গ্রাম আদালতসহ স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ, |
| ৩১ | মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন, গ্রাম আদালতসহ স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ, |
| ৩২ | সুয়াইর ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন, গ্রাম আদালতসহ স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য. চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ, |
| ৩৩ | বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন, গ্রাম আদালতসহ স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ, |

(৩) বিবিধ ঃ (ক) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ, টায়ারসহ টিউব ক্রয় এবং রং করণ আবশ্যক। এ বিষয়ে বিআরটিএ নেত্রকোণা জীপগাড়িটি পরিদর্শণ করে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনটি সভায় উপস্থাপন করা হয়। উক্ত জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ, টায়ারসহ টিউব ক্রয় এবং রং করণের লক্ষ্যে কমিটি গঠণ, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ, টায়ারসহ টিউব ক্রয় এবং রং করণ বিষয়ে বিআরটিএ এর প্রতিবেদন মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা ও একটি জাতীয়/স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় এবং জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ, টায়ারসহ টিউব ক্রয় এবং রং করণের কাজ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কোটেশন কমিটি গঠণ করার সর্বস্মত সিদ্ধান্ত গৃহিত হয়। কমিটিঃ

| | | |
|---|---|---|
| * | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | আহবায়ক |
| * | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| * | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |

খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, উপজেলার বিভিন্ন এলাকায় নতুন সেচের ছাড়পত্র পাওয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদের মাধ্যমে ৭৩টি আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনের বিষয়ে বিএডিসির প্রকৌশলীর মাধ্যমে সরেজমিনে তদন্ত পূর্বক উপজেলা সেচ কমিটির সভায় ৪৯টি আবেদন মঞ্জুর হয়। মঞ্জুরকৃত তালিকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ সেচের নতুন ছাড়পত্র/নবায়নের ছাড়পত্র প্রদানের লক্ষ্যে সেচ কমিটির সভায় মঞ্জুরকৃত ৪৯ (উনপঞ্চাশ) জনের তালিকা সর্বসম্মতক্রমে অনুমোদিত হয় এবং উক্ত তালিকা " পরিশিষ্ট-খ" তে সন্নিবেশিত।

গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্ম গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরুপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে।

ঘ) আগস্ট/২০২১ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ২৮.০৯.২০২১ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর

CamScanner

মজুরী, এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার আগস্ট/২০২১ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুলাই/২০২১ মাসের ভ্রমণ বিল। | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার আগস্ট/২০২১ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুলাই/২০২১ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার আগস্ট/২০২১ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুলাই/২০২১ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালীর আগস্ট/২০২১ মাসের মজুরী প্রদান। | ১০,৫০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের আগস্ট/২০২১ মাসের সভার আপ্যায়ন ,আনুষঙ্গিক ব্যয় | ২০,০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের আগস্ট/২০২১ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | ২০২১-২০২২ অর্থ বৎসরের উপজেলা সাবরেজিষ্টার অফিসের মনোহারী দ্রব্যদি সরবরাহ বাবদ ব্যয়। | ১০৯০০/- |
| ১১ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির জুলাই ও আগস্ট ২০২১ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় বাবদ। | ১৬,০০০/- |
| ১২ | ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিষদে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি ও উন্নয়ন তহবিলের অর্থে বাস্তবায়িত প্রকল্পের পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ব্যয়। | ৭৭,৭৯৬/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৭১৫(৪০)

তারিখঃ ২৯.০৯.২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৪. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৫. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৭. উপজেলা ..........................................................,........অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৮. চেয়ারম্যান,....................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৯. সংরক্ষণ নথি।

(ছাব্বির আহমেদ আকুঞ্জি)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

CamScanner